গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২.০৮-২৬৮ তারিখঃ ২৮-জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ

# পরিপত্র

বিষয়: **কার্য ও ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে ক্রয় পদ্ধতি নির্বাচন প্রসঙ্গে।**

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় উন্নয়নমূলক কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.২৭.০০৩.১৪-৫২৩, তারিখ: ২৭-১১-২০১৮ খ্রিস্টাব্দ মূলে "দরপত্র দলিল প্রণয়ন, চুক্তি সম্পাদন ও বাস্তবায়ন" বিষয়ে আদেশ জারি করা হয়েছে। উক্ত আদেশের অন্যান্য নির্দেশনাসমূহ অপরিবর্তিত রেখে ক্রমিক নং ১ এর নির্দেশনা নিম্নরূপ প্রতিস্থাপন করা হলো:

১.(ক) সাধারণভাবে, কোন স্কীমের/প্যাকেজের প্রাক্কলিত মূল্য ১.৫০ কোটি (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকার মধ্যে থাকলে ক্রয় পরিকল্পনা প্রণয়নকালে পিপিআর ২০০৮ এর বিধি ৬৩(১)(ঘ) অনুসরণে সীমিত দরপত্র পদ্ধতি (LTM) অনুসরণ করতে হবে; তবে, কোন স্কীমের/প্যাকেজের প্রাক্কলিত মূল্য ১.৫০ কোটি (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকার অধিক হলে ক্রয় পরিকল্পনা প্রণয়নকালে একধাপ দুই খাম দরপত্র পদ্ধতি (OSTETM) অনুসরণ করতে হবে। ব্যতিক্রমী পরিস্থিতিতে ৩.০ কোটি টাকা পর্যন্ত সীমিত দরপত্র পদ্ধতি (LTM) অথবা অন্য কোন পদ্ধতি অধিক যুক্তিযুক্ত বিবেচিত হলে যৌক্তিকতা ব্যাখ্যাসহ নিম্নস্বাক্ষরকারীর অনুমোদন গ্রহণ করতে হবে।

(খ) ক্রয়কারী উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) ব্যতীত অন্য যে কোন পদ্ধতির প্রস্তাব উপস্থাপন/প্রেরণকালে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৬২(১) অনুসারে ক্রয় পদ্ধতি নির্বাচনের ক্ষেত্রে পিপিআর এর সংশ্লিষ্ট বিধি উল্লেখপূর্বক উক্ত পদ্ধতি নির্বাচনের কারণ ও যৌক্তিকতা উল্লেখ করতে হবে।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

২৮/৭/১৯

**(মো: খলিলুর রহমান)**
প্রধান প্রকৌশলী (চ:দা:)
ফোন: ৯১২৪০২৭
ই-মেইল: ce@lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.২৭.০০৩.১৪-২৬৮/১(৭) তারিখঃ ২৮ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:
১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/বিভাগ।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/অঞ্চল।
৩। প্রকল্প পরিচালক, ........................................................প্রকল্প, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৪। নির্বাহী প্রকৌশলী (সকল), এলজিইডি, জেলা:.................................।
৫। উপজেলা প্রকৌশলী (সকল), এলজিইডি, ..........................উপজেলা, জেলা: ....................................।
৬। সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী/হিসাব রক্ষক, এলজিইডি, জেলা: ......................।
৭। উপজেলা সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী/হিসাব রক্ষক, এলজিইডি, .......................................উপজেলা জেলা: ....................................।

২৮.০৭.১৯

(মো: আব্দুস সাত্তার)
নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট)
ফোন: ০২-৮১৮১১০৩
ই-মেইল: xen.procurement@lged.gov.bd